# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৩১৪

৫/ সালাত কায়িম করা ও নিয়ম-কানুন (كتاب إقامة الصلاة والسنة)

পরিচ্ছেদঃ ৫/১৬৮. ঈদের দিন অস্ত্রসজ্জিত হওয়া।

بَاب مَا جَاءَ فِي لُبْسِ السِّلَاحِ فِي يَوْمِ الْعِيدِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْقُدُّوسِ بْنُ مُحَمَّدٍ، حَدَّثَنَا نَائِلُ بْنُ نَجِيحٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ زِيَادٍ، عَنِ ابْنِ جُرَيْجٍ، عَنْ عَطَاءٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، أَنَّ النَّبِيَّ ـ صلى الله عليه وسلم ـ نَهَى أَنْ يُلْبَسَ السِّلاَحُ فِي بِلاَدِ الإِسْلاَمِ فِي الْعِيدَيْنِ إِلاَّ أَنْ يَكُونُوا بِحَضْرَةِ الْعَدُوِّ ‏.‏

বাংলা

১/১৩১৪। ইবনু আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু ঈদের দিন দেশের কোন শহরে অস্ত্রসজ্জিত হতে নিষেধ করেছেন, তবে শত্রুর উপস্থিতিতে তা করা যেতে পারে।

## English

It was narrated from Ibn ‘Abbas that the Prophet (ﷺ) forbade wearing weapons in the Muslim lands on the two ‘Eid, except if the enemy was present.

ফুটনোট

তাহক্বীক্ব আলবানী: যঈফ জিদ্দান। তাখরীজ আলবানী: যঈফাহ ৫৬৫৪। উক্ত হাদিসের রাবী নাবিল বিন নাজিহ সম্পর্কে আবু হাতিম আর-রাযী সিকাহ বললেও ইমাম যাহাবী তাকে দুর্বল বলেছেন। ইবনু আদী বলেন, তার একাধিক হাদিস রয়েছে যা তিনি খুব অস্পষ্টভাবে বর্ণনা করেছেন বিশেষ করে তিনি সাওরীর হাদিসে এমনটি করেছেন। দারাকুতনী বলেন, তিনি সিকাহ নন। ২. ইসমাইল বিন যিয়াদ সম্পর্কে ইবনু আদী বলেন, তিনি হাদিস বর্ণনায় মুনকার। ইবনু হিব্বান তার দাজ্জাল কিতাবে বলেন, তার থেকে হাদিস বর্ণনা করা ঠিক নয়। ইমাম যাহাবী বলেন, তিনি দুর্বল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16008

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন